

বিজ্ঞপ্তি

নং-৮০.১১১.০১১. ০১.০০.২০১০(অংশ-৪)-২৮/২০১৫- ২৮

তারিখ : ২৮ মে, ২০১৬

বিষয় : মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীন মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রোগ্রাম অফিসার এর শূণ্য পদে সরাসরি নিয়োগের জন্য প্রার্থীদের লিখিত পরীক্ষা অনুষ্ঠান সংক্রান্ত।

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীন মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রোগ্রাম অফিসার- এর ০৪ (চার)টি শূণ্য পদে সরাসরি নিয়োগের জন্য (বিজ্ঞপ্তি নং-৬৮, তারিখঃ ১১/০৫/২০১৫) সাময়িকভাবে যোগ্য প্রার্থীদের ২০০ নম্বরের লিখিত পরীক্ষা নিম্নলিখিত কেন্দ্রে নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে :

লিখিত পরীক্ষার কেন্দ্র/স্থান : বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

লিখিত পরীক্ষার তারিখ ও সময় : ১৮ মে, ২০১৬ তারিখ বুধবার দুপুর ০১ঃ৩০ মিঃ হতে বেলা ০৪ঃ৩০ মিঃ পর্যন্ত।

পরীক্ষার্থীদের জন্য লিখিত পরীক্ষা সম্পর্কিত নির্দেশাবলী :-

- ১) প্রার্থীদেরকে বাংলা-৫০, ইংরেজি-৫০, সাধারণ জ্ঞান-৪০ ও সংশ্লিষ্ট প্রাসঙ্গিক টেকনিক্যাল (সমাজবিদ্যা/রাষ্ট্রবিজ্ঞান/সমাজকল্যাণ/মনোবিজ্ঞান/অর্থনীতি /গার্হস্থ্য অর্থনীতি/পাবলিক এডমিনিস্ট্রেশন প্রার্থীদের স্ব স্ব বিষয়ের)-৬০ মোট ২০০ নম্বরের লিখিত পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।
- ২) পরীক্ষার নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হবার ১৫ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ১(এক)ঘণ্টার মধ্যে কোন পরীক্ষার্থীর পরীক্ষা কক্ষ ত্যাগ করা নিষিদ্ধ।
- ৩) বিশেষভাবে উল্লেখ্য, প্রার্থীকে একই সাথে ৪টি বিষয়ের জন্য ৪টি উত্তরপত্র প্রদান করা হবে। বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান ও প্রাসঙ্গিক টেকনিক্যাল বিষয়াদির জন্য ভিন্ন ভিন্ন উত্তরপত্র ব্যবহার করবেন। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে।
- ৪) প্রার্থীকে কালো কালির কলম বা বল পয়েন্ট কলম সাথে আনতে হবে। পরীক্ষা কেন্দ্রে ব্যাগ, বইপত্র, মোবাইল ফোন, ইলেকট্রনিক ডিভাইস, কোনো ধরনের ঘড়ি আনা এবং কোনো প্রকার যোগাযোগ যন্ত্র বহন করা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষার হলে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে। সাইনটফিক ক্যালকুলেটর বা এ জাতীয় কোন যন্ত্র ব্যবহার করা যাবে না। হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর একই রকম হওয়া বাঞ্ছনীয়।
- ৫) পরীক্ষা কেন্দ্রে কোনো প্রকার অসামু পস্থা অবলম্বন এবং অশোভন আচরণের অভিযোগে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে যে কোনো প্রকার শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের ক্ষমতা কমিশন সংরক্ষণ করে। পরীক্ষা শেষ হওয়ার পর পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ না করা পর্যন্ত পরীক্ষার্থীগণ নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ বিষয়ভিত্তিক উত্তরপত্র গণনা করে বুঝে নেয়ার পর পরীক্ষার্থীগণ কক্ষ ত্যাগ করবেন।
- ৬) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।
- ৭) প্রার্থীদের প্রবেশপত্র ডাকযোগে প্রেরণ করা হচ্ছে। কোনো প্রার্থী যথাসময়ে প্রবেশপত্র না পেলে ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ আগামী ১৫, ১৬, ১৭ মে, ২০১৬ তারিখ বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে পরিচালক (ইউনিট-১১)-এর বরাবর আবেদন করে ডুপ্লিকেট প্রবেশপত্র সংগ্রহ করতে পারবেন। প্রবেশপত্র ব্যতীত কোনো প্রার্থীকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না। বাতিল তালিকা কমিশনের ওয়েব সাইটে পাওয়া যাবে।
- ৮) এই বিজ্ঞপ্তিটি কমিশনের (www.bpsc.gov.bd) ওয়েব সাইটে পাওয়া যাবে।

পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রকৃতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন ;
চাকুরির ক্ষেত্রে কোনোরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন্-ক্যাডার)